দর্শনায় তরুণ আবিষ্কারক জাহিদকে সম্মানস্বরূপ আর্থিক সহায়তা দিলেন পৌর প্রশাসক

দর্শনা সরকারি কলেজের মেধাবী শিক্ষার্থী এবং তরুণ বিজ্ঞানী জাহিদ হাসান জিহাদকে তার উদ্ভাবনী কাজের স্বীকৃতি হিসেবে সম্মানস্বরুপ আর্থিক সহায়তা প্রদান করেছে দর্শনা পৌরসভা। গতকাল মঙ্গলবার দুপুরে পৌরসভা কার্যালয়ে এক অনুষ্ঠানে পৌর প্রশাসক কে এইচ তাসফিকুর রহমান এই অর্থ সহায়তা জিহাদের হাতে তুলে দেন।

তিনি বলেন, এ ছোট ছেলেটি নিজের মেধাকে কাজে দেশসেরা উদ্ভাবক নির্বাচিত হয়েছেন। সে আজ দেশের সম্মান বৃদ্ধি করার লক্ষ্যে মালয়েশিয়ায় যাচ্ছেন। তার রোবটিক উদ্ভাবন শক্তি দ্বারা সে যেন দেশের সম্মান আরও বৃদ্ধি করতে পারে সেই দোয়া করি। আমাদের ক্ষুদে বিজ্ঞানীরাই একদিন নতুন নতুন আবিষ্কারের মাধ্যমে বাংলাদেশকে বিশ্ব দরবারে অন্যরকম উচ্চতায় নিয়ে যাবে। জিহাদের মতো প্রতিভাবান তরুণদের পাশে থাকতে পেরে দর্শনা পৌরসভা গর্বিত। তার স্বপ্ন পূরণে আমরা সবসময় সহযোগিতা করব।

এসময় আরও উপস্থিত ছিলেন, পৌর সচিব সাজেদুল আলম, পৌর হিসাবরক্ষক আরিফিন হোসেন, করনির্ধারক জাহিদুল ইসলাম, উচ্চমান সহকারী শাহ আলম, প্রধান সহকারী রুহুল আমিনসহ অন্যান্য কর্মচারীবৃন্দ।